সমকাল

তারিখ ... 19 JAN 2017 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ২ ...

# ভবন সংকটে শিক্ষা কার্যক্রম ব্যাহত

■ **শহীদুল ইসলাম পাইলট**, *শরীয়তপুর*

মাদারীপুর পুলিশ লাইন্স সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভবন সংকটে ব্যাহত হচ্ছে শিক্ষা কার্যক্রম। ৪ বছর ধরে টিনশেড ঘরের একটি কক্ষে একাধিক শ্রেণির ক্লাস চললেও ব্যবস্থা নিচ্ছে না শিক্ষা বিভাগ। ফলে দিন দিন কমছে শিক্ষার্থীর সংখ্যা। বিদ্যালয়ের শিক্ষকরা জানায়, একাধিকবার শিক্ষা কর্মকর্তার কাছে জানালেও আশ্বাস ছাড়া কিছুই পাওয়া যায়নি। মাদারীপুর পৌরসভার ৪নং ওয়ার্ডে অবস্থিত পুলিশ লাইন্স সরকারি প্রাথমিক বিদ্যালয় ১৯৯০ সালে প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়টিতে ৪৪০ শিক্ষার্থী লেখাপড়া করে। ৪ বছর আগে প্রশাসন বিদ্যালয়ের ভবনটিকে ঝুঁকিপূর্ণ ঘোষণা করলে বিদ্যালয় কর্তৃপক্ষ সেটাকে ভেঙে ফেলে। এরপর টিনশেড ঘরের একটি কক্ষে একাধিক শ্রেণির ক্লাস নিতে বাধ্য হচ্ছে শিক্ষকরা। ব্যাহত হচ্ছে শিক্ষা কার্যক্রম। বিদ্যালয়েরর ৫ম শ্রেণির শিক্ষার্থী শাওন ভৌমিক বলে, বৃষ্টির দিনে আমাদের বইখাতা ভিজে যায়। আমরা ঠিকমতো পড়ালেখা করতে পারি না। সরকারের কাছে আমাদের আকুল আবেদন, আমাদের জন্য যেন বিদ্যালয়ের একটি সুন্দর ভবন করে দেন। পুলিশ লাইন্স সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রহমান বাচ্চু বলেন, ভবন সংকটের এই করুণ অবস্থা সদর উপজেলা ও জেলা শিক্ষা অফিসে একাধিববার জানালেও সমাধান মেলেনি। এতে দিন দিন কমছে শিক্ষার্থীর সংখ্যা। জেলা শিক্ষা কর্মকর্তা মো. আব্দুল আলীম বলেন, জেলায় ঝুঁকিপূর্ণ বিদ্যালয়ের সংখ্যা ৯৬টি। ভবন সংকটের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। শিগগিরই সমস্যা সমাধান হবে বলে আশা রাখি।



শ্রেণিকক্ষে শিক্ষার্থীরা ■ সমকাল